

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮ ১৮  
খোয়াই, ২৩ জুলাই, ২০২৪

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন  
খোয়াই ব্লকে ভোটগ্রহণ কর্মীদের মহড়া

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে আজ খোয়াই ব্লকে ভোটগ্রহণ কর্মীদের মহড়া অনুষ্ঠিত হয়। খোয়াই ব্লক কার্যালয়ে অনুষ্ঠিত এই মহড়ায় উপস্থিত ছিলেন খোয়াই ব্লকের বিডিও তথা রিটার্নিং অফিসার অভিজিৎ দাস। মহড়ায় রিটার্নিং অফিসার পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশিকাগুলি তুলে ধরেন। মহড়ায় ৮০১ জন ভোটগ্রহণ কর্মী, ৯ জন সেক্টর অফিসার ও ৬ জন এআরও অংশ নেন। ভোটগ্রহণ কর্মীদের প্রশিক্ষণ দেন সেক্টর অফিসার শ্রীকান্ত নাথ ও কমলেন্দু শীল।

\*\*\*\*\*